শ্রী শ্রী দুর্গা পূজা

পূজারী, অ্যাটলান্টা, জর্জিয়া

২রা ও ৩রা কার্ত্তিক, ১৪০৩



Sree Sree Durga Puja

Pujari, Atlanta, Georgia

October 19 & 20, 1996

চণ্ডী থেকে

সর্বমঙ্গলের তুমি মঙ্গলকারিণী
শিবা তুমি সর্বাভীষ্টসাধিকাও তুমি
সবার শরণ্য তুমি, তুমি ত্রিনয়নী
তুমি গৌরী নারায়ণী তোমাকে প্রণমি।

সৃষ্টি স্থিতি বিনাশের শক্তিস্বরূপিনী
তুমি সনাতনী তুমি ত্রিগুণ আশ্রয়ী
তবুও ত্রিগুণময়ী তুমি নারায়ণী
প্রণাম তোমায় মাতা ওগো কৃপাময়ী।

তুমি মা শরণাগত দীন ও আর্ত্তের
রয়েছ সতত দেবী পরিত্রাণে রতা
দুঃখনাশিনী তুমি সকল জনের
প্রণমি তোমাকে মোরা নারায়ণী মাতা।

1996 DURGA PUJA PROGRAM

অনুষ্ঠান সূচি

Saturday, October 19, 1996	
Puja	10 am
Anjali	12 noon
Prosad	1pm
Entertainment	3:30 pm
Arati	8 pm
Prosad	9 pm

২ কার্ত্তিক, ১৪০৩, শনিবার	
পূজা	বেলা দশটা
অঞ্জলি	বেলা বারোটা
প্রসাদ	বেলা একটা
বিচিত্রানুষ্ঠান	বিকেল সাড়ে তিনটে
সন্ধ্যারতি	রাত্রি আটটা
প্রসাদ	রাত্রি ন'টা

Sunday, October 20, 1996	
Puja	10 am
Anjali	12 noon
Prosad	1 pm

৩ কার্ত্তিক, ১৪০৩, রবিবার	
পূজা	বেলা দশটা
অঞ্জলি	বেলা বারোটা
প্রসাদ	বেলা একটা

Brochure 1996 Credits:

Editing and typing:
Jayanti Lahiri, Rekha Mitra, Samar Mitra, Amitava Sen, Suzanne Sen

Cover:
Asok Basu

Brochure Design:
Amitava Sen

Production:
Asok Basu, Amitava Sen

Published by:
Pujari
4515 Holliston Road
Doraville, Georgia 30360
tel: (770) 451-8587

CONTENTS

Samar Mitra	অনন্যাশ্চিন্তয়ন্তো মাং	4
Samar Mitra	যাজ্ঞবল্ক্য ও মৈত্রেয়ী সংবাদ	8
Chandra Binod Das	প্রভাত	9
Rekha Mitra	প্রশ্ন	10
Susmita Mahalanobis	শরতের কাঠবেড়ালি	13
Bithhi Chakraborty	বাঘ ছাল	14
Hillol Roy	চিন্তা-ভাবনা: বর্ত্তমান-ভবিষ্যৎ	17
Hillol Roy	প্রবাস ও পেশা	18
Goutam Gupta	পরিবর্ত্তন	20
M. H. Akmal	অসময়ে স্বাগতম	22
Goutam Gupta	কেনেশর স্মৃতি	22
Hillol Roy	উল্টো-সোজা	23
Sabyasachi Gupta	সিঙ্গাপুর আর হংকং দেখে এলাম	24
Sabyasachi Gupta	Blizzard of '96	27
Rajarshi Gupta	Atlanta Olympics	27
Pranab Lahiri	Fly Like a Dove	27
Sabyasachi Gupta	Visiting the Metros of the World	28
Yasho Lahiri	Durga Puja	29
Deepanita Chakraborty-Sengupta	Two Pink Doors in Paris	30
Priyanka Mahalanobis	Vegetables (poem)	44
Monalisa Ghosh	My Closet (poem)	44
Marjorie Sen	Still Life (drawing)	45
Rahul Basu	Hummingbirds (article & drawing)	46
Pia Basu	Magic Naturally (poem & drawing)	47
Debayan Bhaumik	Missile Shooting (drawing)	48
Joe Bhaumik	The Olympics, Soccer (drawing)	49
Entertainment Program		50
Synopsis of Play	কাঞ্চনরঙ্গ	51
Special Thanks		52
Directory of Members		
Statement of Accounts		

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং

সমর মিত্র

ভগবদ্‌গীতার নবম্ অধ্যায়ে (রাজযোগ ৯ : ২২) শ্রীভগবান অর্জুনকে বলেছিলেন যে ' যাঁরা সব সময় আমার কথা চিন্তা করেন ও আমার উপাসনা করেন (যাঁদের আমি ছাড়া অন্য কাম্য বা উপাস্য বা ভজনীয় দেবতা নেই) তাঁরা অনন্য বা অসাধারন। আমার সঙ্গে নিত্যযুক্ত সেই সব ব্যক্তিদের জীবন যাপনের ভার ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব আমি বহন করি '। মূল শ্লোকটি হল,

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্যুপাসতে
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহং।

এই শ্লোকে অনন্যাঃ ও মাং এই শব্দদুটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে ভাষ্যকারেরা সে বিষয়ে একমত পোষণ করেন না। মাং শব্দটি যার প্রচলিত বা বিশেষ অর্থ হল আমাকে, সেটি গীতার বহু শ্লোকে ব্যবহৃত হয়েছে। এ ছাড়া অহং, মম, ময়ি, ময়া, মৎ এই শব্দগুলি তো আছেই। অনন্য শব্দটি অষ্টম থেকে ত্রয়োদশ অধ্যায়ের মধ্যে আটটি শ্লোকে দেখতে পাওয়া যায়।

মাং কথাটি ব্যবহার করে শ্রীকৃষ্ণ নিজেকে বুঝিয়েছেন বলে অনেকের ধারণা। এই মতের বিরুদ্ধে বলা যায় যে শ্রীকৃষ্ণকে স্বয়ং ভগবান অথবা ভগবানের অবতার যাই মনে করা যাক না কেন ঐ দ্বাপর যুগে তিনি মানুষের দেহ ধারন করে জন্ম, বৃদ্ধি, স্থিতি ইত্যাদি ষড়বিকার সবই ভোগ করেছিলেন। পরবর্ত্তীকালের মানুষ তাঁর জন্ম ও কর্মের কথা শুনেছে মাত্র। তিনিই একমাত্র শরনয হলে তাঁর আগেরকালের মানুষদের অথবা পরবর্ত্তীকালে পৃথিবীর অন্যত্র যেখানে তাঁর সংবাদ পৌঁছোয়নি সেখানকার মানুষদের তাহলে সদ্‌গতি হবার উপায় ছিল না বা নেই এই কথা মানতে হয়। ঠিক তেমনি অন্য কোন অবতার বা মহাপুরুষ অতীতে অথবা ভবিষ্যতে ঐ ধরণের কথা বলে থাকলে তাও গ্রাহ্য করা যাবে না। যীশুই একমাত্র পরিত্রাতা এক গোষ্ঠীর ক্রীশ্চানদের এইরকম বিশ্বাস। যীশুকে না মানলে নাকি নরকবাস অনিবার্য্য তাঁরা এই মত পোষণ ও প্রচার করেন।

গীতার বাণী কালজয়ী, তাই এ ধরণের প্রশ্ন উঠতে পারেনা। অতএব মানতে হবে যে মাং, অহং ইত্যাদি শব্দগুলিকে শ্রীকৃষ্ণ নিশ্চয়ই গীতার সর্বত্র প্রচলিত অর্থে ব্যবহার করেননি। অর্থাৎ গীতায় মাং শব্দটি যে ঐ বিশেষ ব্যবহারিক অর্থে নয়, বরং আধ্যাত্মিক অর্থে ব্যবহার করা হয়েছে সেটাই যুক্তিসঙ্গত বলে মানা যেতে পারে। সেই অর্থে যে আমির কথাটি এখানে বলা হয়েছে সেই আমি কুরুক্ষেত্রে অর্জুনের কাছে দৃশ্যমান শ্রীকৃষ্ণের দেহের দ্বারা সীমিত নয়। সেই আমিটি হলেন পরমাত্মা যিনি স্থান, কাল নির্বিশেষে সর্ববস্তুতে ওতপ্রোত হয়ে আছেন। প্রতি জীবদেহে সেই এক আমি অস্বচ্ছদৃষ্টি আমাদের কাছে খন্ড খন্ড অসংখ্য আমিরূপে প্রকাশ পাচ্ছেন।

আমাদের দৃষ্টি যে অস্বচ্ছ, গীতার বিভূতিযোগে বিভিন্নশ্লোকে তার বিস্তারিত বর্ণনা রয়েছে। তার একটিতে শ্রীভগবান অর্জুনকে বলেছেন (গীতা ১০ : ৩৭) যে, বৃষ্ণিবংশে তিনি যেমন বাসুদেব তেমনি তিনিই আবার পান্ডবদের মধ্যে ধনঞ্জয়, মুনিদের মধ্যে ব্যাস ইত্যাদি। আরো আগে কর্মযোগের বর্ণনা শেষ করে চতুর্থ অধ্যায়ের সূচনায় বলেছেন যে এই অব্যয় যোগ আমি পুরাকালে

সূর্যকে বলেছিলাম। সে কথা শুনে অর্জুন বলেছিলেন যে সূর্যের জন্ম তো তোমার জন্মের অনেক আগে তাহলে তুমি কি করে এই যোগের কথা সূর্যকে বলেছিলে ঐ গীতা ৪ : ৪) ? উত্তরে পরের শ্লোকে শ্রীভগবান বলেছেন যে আমাদের এই একটাই জন্ম নয়, এর আগে আমরা আরো অনেকবার জন্মেছি তবে তোমার সে সবকথা মনে নেই। তার একটু পরেই বলেছেন সেই বিখ্যাত শ্লোকটি যে পৃথিবীতে ধর্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হলে আমি তার প্রতিকারের জন্যে নিজেকে সৃষ্টি করি (৪ : ৭)। এমনি আরো অনেক শ্লোক আছে। তেমনি আবার অনেক শ্লোক আছে যেখানে অহং ইত্যাদি শব্দগুলি ব্যবহার করে তাঁর কৃষ্ণের রূপটির পরে দৃষ্টি আকর্ষণ করেছেন। কৃষ্ণরূপে তিনি যে স্বয়ং ভগবান সে তথ্য মনে হয় সবচেয়ে বেশি প্রকাশ পেয়েছে সেখানে যেখানে তিনি অর্জুনকে দিব্যচক্ষু দিয়ে তার বিশ্বরূপ দর্শনের প্রার্থনা পূরণ করেছেন।

এই ভাবনার পরিপ্রেক্ষিতে মনে হয় যে শ্রীভগবানের বলা এই নিবন্ধের আলোচ্য শ্লোকটির অর্থ হল যে শুধু কৃষ্ণরূপে নয়, সেই চিরন্তন বিভু বা সর্বব্যাপী আমিই জীবের সাধ্য এবং তাঁকে জানার প্রচেষ্টাই জীবের সাধনা। সেই সাধনা যে সহজ নয় আগেই শ্রীভগবান বলেছেন সেকথা। অনেক জন্মের সঞ্চিত পূণ্যকর্মের ফলে জীবের প্রকৃত জ্ঞানলাভ হয়। তখন সে মাং বা আমাতে শরণাগত হয় কারণ সে বুঝতে পারে যে (গীতা ৭ : ১৯) সবই বাসুদেব, বাসুদেব ছাড়া আর কিছুই নেই। এই বিশ্বে যা কিছু আছে সমস্তই তিনি হয়েছেন। এখানেও মাং শব্দটির ব্যবহার উল্লেখযোগ্য এবং বসুদেবের পুত্র হিসেবে কৃষ্ণ বাসুদেব নামে পরিচিত হলেও এই শ্লোকে বাসুদেব বলে তিনি যে নিজেকে বুঝিয়েছেন এমন মনে করার কারণ নেই। যে দিব্যশক্তি সব কিছুর মধ্যে বাস করছেন তিনিই বাসুদেব, তিনিই মাং। এই শ্লোকটির শেষে শ্রীভগবান বললেন যে এই জ্ঞানে জ্ঞানী হয়েছেন যিনি নিঃসন্দেহে তিনিই মহাত্মা আর এই রকম মহাত্মা এ জগতে শুধু যে দুর্লভ তা নয় তিনি অত্যন্ত দুর্লভ বা সুদুর্লভ।

এই শ্লোকে শ্রীভগবান যে জনাঃ অর্থাৎ সেই সব মানুষদের কথা বলছেন যাঁরা অনন্যাশ্চিন্তয়ন্তো মাং অর্থাৎ আমাকে অথবা সেই পরম তত্ত্বকে অনন্য জেনে কিংবা অন্য সমস্ত চিন্তা বিসর্জন দিয়ে পর্যুপাসতে বা বিশেষভাবে উপাসনা করেন। এই পর্যুপাসতে কথাটি পরি + উপাসতে করে পাওয়া যায়। ত্যাগ বা বর্জন অর্থে পরি উপসর্গটির ব্যবহার হয়, সেক্ষেত্রে পর্যুপাসতে এই সম্পূর্ণ কথাটির অর্থ দাঁড়াল বর্জনপূর্বক উপাসনা। অর্থাৎ অন্য চিন্তা, ভাবনা ইত্যাদি বর্জন করে উপাসনা। এইভাবে উপাসনার ধরন ও তার গুরুত্ব কতখানি তা জানা গেল। শ্লোকটির পরবর্তী অংশে এই উপাসনার ফল বর্ণনা করেছেন শ্রীভগবান। কিন্তু তার আগে উপাসনা বস্তুটি কি সে সম্বন্ধে একটু ভাবা যেতে পারে।

উপ + আসনা করে উপাসনা কথাটি সৃষ্টি হয়েছে। উপ শব্দটির অর্থ নিকটে, তাই উপাস্য বস্তুর নিকটে আসন গ্রহণ করা বা বসে থাকা উপাসনার এইরকম অর্থ করা যেতে পারে। যে বস্তুটি প্রিয় তারই নিকটে বসা যায় এবং সেই অবস্থায় তারই চিন্তায় তন্ময় হওয়া যায়। উল্লেখযোগ্য যে উপাসনার মত উপবাস কথাটিরও মুখ্য অর্থ নিকটে বাস করা, নিরাহার বা আহার বর্জন হল গৌন, তবে বহুল প্রচলিত অর্থ। আহার বর্জনের উদ্দেশ্য হল উপবাস অর্থাৎ অন্য ভাবনা ত্যাগ করে ইষ্টের ভাবনায় ভাবিত হতে পারার এ একটা উপায়। এই দিক দিয়ে দেখলে তাঁর ধ্যান, তাঁর কথা শ্রবন, মনন, কীর্তন, তাঁর পূজা ইত্যাদি সবই ঐ উপাসনার অঙ্গ বলা যেতে পারে। গীতার শংকরভাষ্যের টীকার রচয়িতা আনন্দগিরি উপাসনার অর্থ করেছেন শাস্ত্রীয় উপদেশের সাহায্যে উপাস্যবস্তুর স্বরূপ হৃদয়ঙ্গম করে আর সকল পদার্থ থেকে মনকে প্রত্যাহৃত করে

দেখিয়ে। চৈতন্য মহাপ্রভু কেঁদে কেঁদে বলতেন, ' মুখে একবার কৃষ্ণ বল আর বলে আমাকে কিনে নাও '। ঈশ্বর মানুষকে স্বাতন্ত্র্য দিয়ে সৃষ্টি করেছেন ঠিকই তবে শাস্ত্র, গুরু আর সাধুদের মাধ্যমে তাকে শ্রেয় আর প্রেয় বস্তুর পার্থক্য বোঝানোর ব্যবস্থাও করেছেন। কিন্তু এই বোঝানো পর্যন্তই, তার পরে যা, তা তিনি মানুষের হাতেই ছেড়ে দিয়েছেন। জোর করে মানুষকে দিয়ে কোন কিছু করানোর পক্ষপাতী যে তিনি নন তা বেশ বোঝা যায়। গীতায় ভালো মন্দ, কর্ত্তব্য অকর্ত্তব্য, ধর্ম অধর্ম সম্বন্ধে নানা কথা বলার পরে শ্রীভগবান অর্জুনকে বলেছিলেন যে ' বিমৃষ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ' (১৮ : ৬৩), অর্থাৎ ভালোভাবে এই সমস্ত বিবেচনা করে তোমার যা করতে ইচ্ছে হয় তাই কর।

তবে এই শ্রেয়ের পথের যাত্রীদের তিনি সাহায্য করেন। এই পথ শুধু যে দীর্ঘ তাই নয় দুর্গমও বটে। সেকারণে পথে নেমে নিরাশ হয়ে ফিরে আসার সম্ভাবনা খুবই যদি না ভরসা ও সাহস দেবার মত কোন কিছুকে পাওয়া যায়। এই প্রবন্ধের আলোচ্য শ্লোকটির সমাপ্তিতে যোগক্ষেমং বহাম্যহং বলে শ্রীভগবান আমাদের সেই প্রতিশ্রুতি দিয়েছেন। কেমনভাবে এই ভার তিনি বইবেন সে সম্বন্ধে গীতায় প্রত্যক্ষভাবে কিছু না বললেও পরোক্ষভাবে কিন্তু একটি পরম আশ্বাসের কথা শুনিয়েছেন আমাদের। এক জীবনে যে ঐ লক্ষ্যে পৌঁছতে পারলো না অথবা যে পথভ্রষ্ট হল তার কি গতি হবে অর্জুনের এই প্রশ্নের উত্তরে শ্রীভগবান বলেছিলেন যে তেমন ব্যক্তি পবিত্র ও শ্রীসম্পন্ন কোন বংশে অথবা কোন যোগীর কুলে জন্মগ্রহন করবেন (গীতা ৬ : ৪১ - ৪৩)। অনুকূল পরিবেশে জন্ম হওয়ায় তার পূর্বজন্মের সংস্কার তাকে সেই লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যাবে। যোগ ও ক্ষেমের প্রতিশ্রুতি রক্ষা করার এ এক আশ্চর্য্য উদাহরন।

এখন প্রশ্ন হল এই অনন্যচিন্তার তো একটা বিষয় থাকবে, সেটা কি রকমের ? শ্রীভগবান বলেছেন যে ' বিষয়টি অব্যক্ত, অনির্দেশ্য, অক্ষর (গীতা ১২ : ৩-৪) এই ভেবে সর্বভূতের মঙ্গল সাধনে রত, সর্বত্র সমবুদ্ধি ও সংযমী কেউ কেউ তার উপাসনা করেন। কিন্তু পরিশেষে তারাও আমাকেই প্রাপ্ত হন। তবে ক্লেশবহুল ঐ পথ সবার জন্যে নয়।' এর আগে যাদের সাকার পছন্দ তাদের হয়ে অর্জুন শ্রীভগবানকে প্রশ্ন করেছিলেন যে কি কি ভাবে তিনি সেই ইষ্টের (গীতা ১০ : ১৭) চিন্তা করবেন। উত্তরে তিনি বলেছিলেন যে ' এই জগতে স্থাবর, জঙ্গম, এমন কি ভাব প্রকাশের জন্যে যে ভাষা, সে সবই আমার রূপ বলে জানবে। বৃষ্ণিবংশের বাসুদেব যেমন আমি, পাণ্ডবদের মধ্যে তুমি যে ধনঞ্জয় সেও আমি। দেবতাদের মধ্যে আমি দেবরাজ ইন্দ্র, সর্পকুলের মধ্যে আমি বাসুকি, স্থাবরদের মধ্যে আমিই নগাধিরাজ হিমালয়। তেমনি বেদের মধ্যে আমি সামবেদ, মন্ত্রের মধ্যে আমি গায়ত্রী। এ সবই আমার ভিন্ন ভিন্ন রূপ।'

তিনি বিভু, তিনিই সব হয়েছেন এই তথ্যটি হৃদয়ঙ্গম করে অর্জুন বিশ্বরূপ দেখার অধিকার পেয়েছিলেন। কিন্তু সে তো সাধারন জীবের আয়ত্তের বাইরে। তার আত্যন্তিক কল্যাণের উপায় তবে কি হবে ? ভাগবত বলছেন এ যুগের মানুষের পক্ষে ইষ্টের নামই যথেষ্ট। নামই সাধ্য আর ঐ নাম করার ও নামে রতি আনার প্রচেষ্টাই এ যুগের সর্বোত্তম সাধন। এই সাধনের জন্যে স্থান কালের বিধিনিষেধ নেই, গুণে গুণে নাম করারও কোন বাধ্যবাধকতা নেই। ক্রমে এই নাম করার প্রচেষ্টা অভ্যাসে পরিণত হলে নামের প্রবাহ অবিচ্ছিন্নগতিতে আপনিই বইতে থাকে। সেই অবস্থাকেও অনন্যশ্চিন্তয়ন্তঃ বা নিত্য অভিযুক্তের অবস্থা বলা যায়। অতএব নামের এই সাধনে যেন আমাদের মতি আর রতি হয় শ্রীভগবানের কাছে এই প্রার্থনা করি।

অবিচ্ছিন্ন তৈলধারার মত সেই বস্তুর চিন্তার ধারা বলে। সেই উপাস্যবস্তু নিরাকার পরমব্রহ্ম হতে পারেন আবার সাকার দেবদেবী বা তাদের অবতারও হতে পারেন। সাধক তার রুচি ও সংস্কার অনুযায়ী শিব, বিষ্ণু বা নারায়ন, দুর্গা, কালী, শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ ইত্যাদির মধ্যে ইষ্টের নির্বাচন করতে পারেন। শাস্ত্রে দীক্ষাগুরুকেও ইষ্টের মর্যাদা দেওয়া হয়েছে। কিন্তু সাধনার নির্দেশ সবক্ষেত্রেই এক। ইষ্টের ভাবনায় তন্ময় হয়ে যাওয়া।
শ্লোকটির দ্বিতীয় অংশে শ্রীভগবান এই অবস্থায় যাঁরা এসে পৌঁছেছেন তাঁদের পরিচয় দিয়েছেন অনন্যশ্চিন্তয়ন্তঃর মতই আর একটি বিশেষণ দিয়ে। সেটি হল নিত্যাভিযুক্তানাং - নিত্য বা সর্বদা অভিযুক্তানাং - অর্থাৎ ' যাঁরা আমার (প্রথম অংশের মাং কথাটি এখানেও প্রযোজ্য) বা ইষ্টের প্রতি সর্বদা অভিযুক্ত '। অভিযুক্ত এই কথাটির সংস্কৃতভাষার অর্থ আর বাংলাভাষায় প্রচলিত অর্থ শুধু আলাদাই নয়, বরং একটিকে অপরটির বিপরীতও বলা যায়। বাংলায় অন্যায় বা অপরাধের সঙ্গে যুক্ত বলে সর্বসাধারনের কাছে প্রমানিত এই অর্থে আর সংস্কৃতে আদর বা ভালবাসার সঙ্গে যুক্ত - যা সাধারণের জানা হতেও পারে বা নাও হতে পারে - এই অর্থে অভিযুক্ত কথাটির ব্যবহার হয়ে থাকে। সেই দিক দিয়ে প্রিয় বস্তুর সঙ্গে নিত্য অভিযুক্ত এই অবস্থার বর্ননা একটু বিশদ করে প্রকাশ করতে গেলে - সবসময় পরম প্রেমের সঙ্গে তাঁর চিন্তায় মগ্ন বা ধ্যাননিরত হয়ে থাকা - এইরকম করে বলা যায়।

ইষ্টের ধ্যানে তন্ময় হতে পারা সহজ নয়। তবে সেই ক্ষমতা যাঁরা অর্জন করেছেন, বহির্জগতের প্রলোভন বা দুঃখকষ্ট কিছুই তাঁদের বিচলিত করতে পারে না। বলা যেতে পারে যে এই তন্ময়ত্ব এমন একটি বস্তু যেটি আয়ত্ব হলে অন্য কোন কিছুরই লাভ বা ক্ষতি, আনন্দ বা বেদনার কারণ হতে পারে না। এ এক দুরূহ সাধনা, তবে এই সাধনায় সফল হয়েছেন যিনি, কিছু না চাইলেও তাঁর সাফল্যের জন্যে সাধ্যকে ছাড়াও অন্য পুরস্কার তিনি পাবেন বলে আলোচ্য এই শ্লোকটির উপসংহার টেনেছেন শ্রীভগবান। বলেছেন তিনি যে, যে সব পূণ্যবান ব্যক্তি এই স্তরে পৌঁছেছেন তিনি স্বয়ং নাকি তাঁদের যোগ ও ক্ষেম বহন করে থাকেন। যোগ শব্দটি অনেকরকম অর্থে ব্যবহার করা হয় তবে ভাষ্যকারদের অনেকেই এই শ্লোকে অপ্রাপ্য বা অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তিকে যোগ বলে ব্যাখ্যা করেছেন। যোগের এই অর্থটির সঙ্গে ক্ষেম কথাটি জড়িত যার অর্থ হল প্রাপ্ত বস্তুর রক্ষণাবেক্ষণ।

সাধারণ মানুষ নিজের ভোগবাসনা চরিতার্থ করার জন্যে নিজেই যোগক্ষেম সম্পাদন করার প্রয়াস করে থাকে। কিন্তু প্রকৃত ভক্ত বা সাধক নিজের ভোগের ইচ্ছা করেন না তাই তার দিক থেকে যোগ ও ক্ষেম সম্পাদনের কোন প্রশ্নও ওঠে না। এর চরম দৃষ্টান্ত হিসেবে অজগর বৃত্তির উদাহরণ রয়েছে। শোনা যায় যে অজগর নিজের খাবার যোগাড় করার কোন চেষ্টা করে না, খাবার নাকি তার মুখের কাছে প্রয়োজনমত এসে উপস্থিত হয়। তেমনি কোন কোন মহাপুরুষ জীবনধারণের জন্যে প্রয়োজনীয় অন্ন ও পানীয় সংগ্রহের প্রচেষ্টাও ত্যাগ করেছেন এরকম অনেক কাহিনী আছে। এই অবস্থায় এসে পৌঁছলে ইষ্টদেবতার আসন নাকি কেঁপে ওঠে। ভক্তের জীবন রক্ষার জন্যে ব্যস্ত হয়ে ওঠেন তিনি।

তা হলেও সর্বোত্তম যোগ ও ক্ষেম হল তাঁর ভাবনায় ভাবিত হতে পারা ও ভাবিত হয়ে সেই ভাবনাকে ধরে রাখতে পারা। নানাভাবে প্রতিটি জীবকেই ইষ্টের সঙ্গে যুক্ত হবার প্রচেষ্টায় তৎপর হবার সংকেত দিয়ে যাচ্ছেন তিনি। শাস্ত্র হয়ে তিনি নশ্বর জীবকে সন্ধান দিচ্ছেন অবিনশ্বরতার। আবার মুনি ঋষি সাধু মহাত্মার রূপে জীবনের মোড় ঘোরানোর শিক্ষা দিচ্ছেন নিজেদের দৃষ্টান্ত

যাজ্ঞবল্ক্য ও মৈত্রেয়ী সংবাদ

সমর মিত্র

(বৃহদারণ্যক উপনিষদের কাহিনী অবলম্বনে)

উপনিষদের তীক্ষ্ন মর্মভেদী বাণী
যাজ্ঞবল্ক্য কণ্ঠে যাহা উঠেছিল রনি
প্রব্রজ্যা নিবেন শুনি তাহার ঘরনী
শুধিয়েছিলেন যবে কি হবে আমার।

কহেন মহর্ষি মৈত্রেয়ীকে স্নেহভরে
সমস্ত সম্পদ আমি দ্বিধাভক্ত করে
রেখে যাব কাত্যায়নী ও তোমার তরে
পারিবে বহিতে ভার জীবনযাত্রার।

শুধান মৈত্রেয়ী পুনঃ ওগো দ্বিজোত্তম
ধরনীর সব ধন যদি হয় মম
দিবে কি তা অমরত্ব বল প্রিয়তম
অন্য আর কিছু মোর নাহি চাহিবার।

দিলেন উত্তর ঋষি, করিবে যাপন
ধনী হয়ে বিত্তে ভরা ধনীর জীবন
মৃত্যুঞ্জয় আশা ধনে না হবে পূরণ
এই সত্য জেনো নাহি অন্যথা ইহার।

মৈত্রেয়ী কহেন হায়, সম্পদে কি হবে,
যদি অমরত্ব তাহে নাহি মেলে ভবে ?
সাধ্য যদি হয় তাহা, সাধন কি তবে ?
বল ভগবন্ এই প্রার্থনা দীনার।

মৈত্রেয়ীর আবেদনে মুনি স্নেহময়
কহিলেন, এতদিন তব পরিচয়
ছিল মোর প্রিয়া বলে, আর তাহা নয়,
মানি প্রিয়তমা বলে তোমাকে এবার।

দেখ এ সংসারে আছে সুখ দুঃখ ভোগ,
আছে আত্মপরবোধ সংযোগ বিয়োগ,
রাগদ্বেষ আদি দ্বৈত, এই ভবরোগ
আরোগ্যের শক্তি কর যত্ন লভিবার।

জানিতে চেয়েছ যাহা শোন অতঃপর
এক আত্মা, সেই সর্ব, নাহিকো অপর
সাধ্য বলে মানি তাহা হও তৎপর
স্মরণে, মননে, ধ্যানে, সাধনায় তার।

এ ধরনী পণ্যশালা, ক্রয় ও বিক্রয়
চলে হেথা অবিরাম, জানিও নিশ্চয়
আদান প্রদান কভু বিনামূল্যে নয়,
দৃষ্টান্ত সকলি দেখ স্বার্থপরতার।

এই যে পত্নীকে পতি এত ভালবাসে,
জানো কি সে আপনার সুখের প্রত্যাশে ?
তেমনি দাতার দান নাম যশ আশে,
যথা দ্বৈত, তথা স্বার্থ, শাস্ত্রের বিচার।

পত্নীপ্রতি পতি আর পত্নী পতিপ্রতি
পিতা মাতা পুত্র কন্যা বান্ধব প্রভৃতি
সকলে আপন সুখ লাগি যত প্রীতি
প্রদর্শন করে এই তত্ত্ব বোঝা ভার।

সর্বভূতে এক আত্মা যে করে দর্শন
সফল হয়েছে তার অদ্বৈত সাধন,
নিস্বার্থ প্রেমের এই যে উদাহরণ
পরম দুর্লভ জেনো জগৎ মাঝার।

আমরা এ পৃথিবীর নই নাগরিক
রীতিনীতি এখানের নয় স্বাভাবিক,
সে কথা না জানি ছুটে মরি দিগ্‌বিদিক
জন্ম মৃত্যু চক্রে ঘোরাঘুরি হয় সার।

মর্ত্যলোক আমাদের নয়কো স্বদেশ
সেই সত্য না বুঝিলে দুর্গতি অশেষ,
স্বধাম করিয়া লক্ষ্য হলে নিরুদ্দেশ
মৈত্রেয়ী, সন্ধান পাবে মৃত্যুহীনতার।

প্রভাত

চন্দ্রবিনোদ দাস

প্রভাতের জাগরনী আজ এ বিশ্বমন্দিরে
অতি ধীরে ধীরে
হেরিয়াছি ঘুমন্ত নেত্রে। হেরিয়াছি যে বসনখানি
ক্লান্তচোখে ধরনীর হিয়া ভরি শান্তি দেয় আনি
তারকা খচিত
ধীরে ধীরে হবে অপসৃত।

রুদ্ররোষ উত্তপ্ত ফুৎকারে পূরবের ভালে
দগ্ধতীব্র জ্বালে
কূট হাসি উঠে জেগে জয়ী দৃপ্ত আসিছে সম্রাট
বিদ্রোহীরে নগ্ন করি, শত্রু জয় উল্লাসে বিরাট
ওই নীলাম্বর
পান্ডুবর্ন ভয়ে জড়সড়।

একি উঠে বিরক্তির ধ্বনি ! অথবা রোদন ?
শান্তিতে বেদন।
নিস্তব্ধ শীতল সুপ্তি, চিরতরে বাঞ্ছনীয় কি রে ?
জাগরনে ক্ষুধা তৃষ্ণা, তাই কি ক্রন্দন বুক চিরে।
তাই ভয়ংকর-
স্মৃতিমাত্র কাঁপা থর থর।
ওইদূরে নীলগিরি ফোটে, ওই উপবন,
তরঙ্গ স্পন্দন-
জাগে বক্ষে তটিনীর, শিরে ধরি বিদ্রূপের হাসি
তিমিরে একতাপূর্ন বেনুপাতা জাগে রাশি রাশি
ঠাঁই ঠাঁই ঠাঁই
উচ্চনীচ মহাভেদ তাই।

সাম্যে একীভূত বিরাটের মহা একাকার
ধরিল আকার
ক্ষুদ্র বড়ো, সুপ্তিমাঝে নিস্তব্ধের এক মহাভাষা
জাগরনে প্লুত ক্ষীন স্বাতন্ত্র্যের মূর্তি সাম্যআশা
করিল গ্রহন
উঠে বিশ্বে সম্রাট তপন।

প্রশ্ন

রেখা মিত্র

মেজাজ গরম করে বই নিয়ে পড়তে বসেছি। উনিও শীতে হাত পা চড়চড় করছে বলে ক্রীম মাখছেন। ফোন বেজে উঠলো। ধরতে ইচ্ছে করছে না। টিপে দিলাম স্পীকার ফোনের বোতামটা। ওপার থেকে ভেসে এলো May I speak to Prodip Sen? Yes, please hold on.

উনি সাড়া দিলেন - Prodip speaking.

My name is Shankha Dutta. Do you remember me ?

না, ঠিক চিনতে পারছি না। আপনি বাঙ্গালী ? বাঙ্গলা জানেন ? তাহলে বাঙ্গলাতেই বলুন।

প্রায় তিরিশ বছর আগে অল্প কিছুক্ষণের জন্যে আপনার সঙ্গে আলাপ হয়েছিলো।

এতক্ষণে বুঝতে পেরেছি কে কথা বলছে। বললাম, এই শঙ্খ তুমি কোথা থেকে ফোন করছো ? কেমন আছো ?

ভালো আছি। মিলান থেকে সানডিয়েগো এসেছি কাজে। তোমার ঠিকানাটা ছিলো , তাই ফোন নম্বর পেতে অসুবিধা হয়নি। তোমরা কেমন আছো ?

ভালোই। নিউইয়র্কের উপর দিয়ে গেলে আর আমাদের কাছে এলে না ? কতদিন থাকবে ? ফেরার পথে থেমে যেও।

হেসে উত্তর দিলো, অফিসের কাজে এসেছি । ফেরার পথে ক্যানাডা হয়ে যেতে হবে। তোমরা কতদিন দেশে যাও নি ? আমি সামনের মাসের শেষে দেশে যাচ্ছি। চলোনা, তখন দেখা হবে।

না এখন তো ওর একদমই ছুটি নেই, খুবই কাজের চাপ। তাছাড়া এই তো গতবছরই ঘুরে এসেছি।

দিদির কাছে খবর পেয়েছি তোমাদের মেয়ের খুব ভালো বিয়ে হয়েছে। ছেলেরাও তো দাঁড়িয়ে গেছে।

তোমার খবর কিন্তু আমি কিছুই জানিনা। তোমার ছেলেমেয়ে কটি ?

আমার দুই ছেলে । বড়ো ডাক্তারী পড়ছে। বৌ আমার বিদেশিনী সেটা জানো তো ?

তাকিয়ে দেখি উনি তো সব কথাই শুনতে পাচ্ছেন, আর মিচ্‌কে মিচ্‌কে হাসছেন। রাগ করে আছি তাতে আরো রাগ হচ্ছে। দু একটা মামুলি কথা বলে ফোনটা ছেড়ে দিলাম। ফোনটা রেখে মনে হলো ফোন নম্বরটা রাখলে আর একবার কথা বলা যেত। যাক্‌গে, কিই বা বলার আছে ?

মন ছুটে গেলো প্রায় সাঁইত্রিশ আটত্রিশ বছর আগে। তখন ওকে চিনতাম , আমার খুড়তুতো বৌদির ভাই। গান শুনিয়েছিলো, ' আমার আঁধার ঘরের প্রদীপ যদি নাইবা জ্বলে '।

দাদার বিয়ের পর দুই পরিবারের ছেলেমেয়েদের মধ্যে বেশ হৃদ্যতা হয়ে গেছে। দাদার বিয়ের সময় আমি স্কুলে পড়ি। তার পরে কয়েক বছর কেটে গেছে স্কুল ছেড়ে কলেজেরও একবছর কেটে গেছে। বন্ধু বান্ধব হয়েছে অনেক। ভালেবাসার চিঠিপত্রও পাচ্ছি। হেসে বা রাগ করে তা নাকচ করে দিতেও শিখেছি।

একদিন পথে শঙ্খ একটা চিঠি দিলো। বৌদিকে দিতে হবে মনে করে হাতে নিয়ে বুঝলাম ওটা আমার জন্যে। খুব অবাক হলোম। গম্ভীর মানুষ, ওর আবার আমায় চিঠি লেখার কি হল ? কদিন পরে বাড়ীতে এলে সকলের আড়ালে চোখ পাকিয়ে বললাম, এসব কি ?

দিন আসে মাস কাটে, ভবী ভোলার নয়, মনের ভাব বদলায় না। আমার বিয়ের কথাবার্তা হচ্ছে শুনে অগ্নিশর্মা, আমাকে নাকি কিছুতেই দাড়বে না। দুজনেই আমরা ছাত্রছাত্রী, আমাদের কথা কে শুনবে ?

ব্যাপারটা জানাজানি হবার পর, দুই বাড়ীতে প্রবল আপত্তি, কান্নাকাটি, অভিযোগের পালা চললো। ওকে যে কতবার বোঝানোর চেষ্টা করেছি যে এটা কিছুতেই সম্ভব হবে না, বোঝেনি। কিন্তু দোষ তো সব সময় মেয়েদেরই হয়ে থাকে তাই শেষে আমি প্রায় হলাম ঘরবন্দী।

এইভাবে কটা বছর কেটেছে, কলেজের গণ্ডী ছাড়িয়েছি। কারো কথা না শুনে যার হাত ধরে বেরিয়ে যাব তার বাড়ীতেও তো স্থান নেই। মেয়েরা ঘরের লক্ষ্মী হয়ে শ্বশুরবাড়ী যায়, সেখানে অলক্ষ্মী হয়ে যাই কি করে ? ক্লান্ত আমি ভাগ্যের হাতে নিজেকে ছেড়ে দিয়েছি।

বিয়ের লগ্ন আসে, মন শান্ত করে শুভদৃষ্টি দিয়ে বরণ করে নিলাম আমার জীবনসাথীকে। দুজনের মধ্যে প্রথম থেকেই যাতে লুকোচুরি না থাকে তাই প্রথম সুযোগেই তাকে জানালাম আমার অতীত, শঙ্খর কথা। শুনে প্রতিক্রিয়া যা হবার তাই হলো, সেই দুর্যোগও কাটিয়ে উঠলাম। দুজনেই অতীত ভুলে সুখের সংসার গড়ার দিকে মন দিলাম। সত্যি আমরা সুখী।

বিয়ের মাসদুয়েক পরে শঙ্খ ফোন করলো দেশ ছেড়ে চলে যাচ্ছে লণ্ডনে, যাবার আগে একবার দেখা করতে চায়। কোথায় কখন দেখা করব ঠিক করে ফোন ছেড়ে দিলাম। স্বামীকে সঙ্গে করে দেখা করতে গেলাম।

শঙ্খ অবাক হয়েছিলো। ভাবেনি উনি সঙ্গে থাকবেন। দুজনের সাথে আলাপ করিয়ে দিলাম। সবকথা মনে নেই - আমাদের জীবনে সত্যিকারের সুখী হবার কামনা জানিয়েছিলো। বলেছিলো, 'যে মনিহার আপনি পেয়েছেন তাতে সুখী না হবার কোন কারনই নেই'। সেই আমাদের শেষ দেখা।

আমরাও বছরখানেক পরে দেশ ছেড়েছি। দেশে যাওয়াআসা আছে, তবুও এতদিনে কখনও আমাদের দেখা হয়নি।

পরিণত বয়সের মন বলে - ত্রিশ বছর আগে আমাদের কান্না, মাবাবার দুঃখ, সব কিছুর মধ্যে একজন শুধু মুচ্‌কি মুচ্‌কি হেসেছিলেন। 'অর্বাচীন, তাই এই ব্যবহার। যাদের জীবনে আর দেখা হবে না, জীবন কাটবে দুই মহাদেশে, তারা চাইছে সংসার পাততে ? ইচ্ছের বহর দেখো।' তবে সেই অন্তর্যামী হেসে আশীর্বাদও করেছিলেন, তাই সেই দুই অন্য দুইএর সাথে মিলে দুই সুখী পরিবার গড়ে তুলেছে দুই মহাদেশে।

ফোন নম্বরটা থাকলে প্রশ্ন করতাম - এতদিন পরে তোমার সুমিকে কেন দেখতে ইচ্ছে করলো ? আগের সেই চেহারা কি মনে করতে পারো ? তাকি আবছা হয়ে যায়নি ? হঠাৎ কোথাও দেখা হলে আমায় কি চিনতে পারবে ? আগে ছিলাম বাঁশপাতা, এখন হয়েছি গোদাগিন্নী।

শরতের কাঠবেড়ালি

সুস্মিতা মহলানবীশ

জানলা দিয়ে শরতের আকাশটা উপভোগ করার চেষ্টা করছিলাম। কি অপূর্ব সোনাঝরা রোদ চকচক করছে। কিছুদিন ধরেই রোদবৃষ্টির খেলা চলছে। এই দেখা যাচ্ছে সোনাঝরা রোদ কিন্তু একটু পরেই দেখা যায় যে আকাশ তার মুখটা গোমড়া করে এক টুকরো মেঘ নিয়ে আসছে এবং নয়নবারি ঝরিয়ে আবার যেন খিলখিল করে হেসে উঠছে। যেখানেই মেঘ সেখানেই বৃষ্টি, এই আসছে আবার এই যাচ্ছে। এই ঋতুটা আমার খুব ভালো লাগে, মন বলে পূজো এলো, পূজো এলো। না গরম না শীত। এই এলো এলো ভাবটাই দারুন আনন্দের। পূজোর সঙ্গে নতুন জামাকাপড়, গানবাজনা, গল্প উপন্যাস, কবিতা সবই যেন অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে।

এই যা, কি বলতে কি আবার বলতে চলেছি - জানলা দিয়ে কি দেখলাম ? শরতের আকাশ আমাকে এতই বিহ্বল করে ফেলেছে যে আমার আসল কথাটাই বলা হচ্ছে না। দেখলাম একটা কাঠবেড়ালি তার হাত দুটো জোড়া করে নমস্কারের ভঙ্গিতে আকাশের দিকে মুখ তুলে দাঁড়িয়ে আছে। 'ও' কি প্রার্থনা করছে ? ঈশ্বর কি ওকে আশীর্বাদ করবেন ? বেচারার প্রার্থনা শেষ হওয়ার আগেই দুটো পাখী এসে নাচানাচি চেঁচামেচি করতে লাগল, ওর প্রার্থনা ভেঙ্গে গেল। সে ওদের ধাওয়া করে ছুটলো গাছে। পাখি দুটোকে গাছে বসতে দিল না, তার শখের 'নাট' পাখীরা খেয়ে নেবে, তা কি করে হয় ? সে ওদের তাড়িয়ে তবে ছাড়লো।

ভাবছি 'ও' কি আবার প্রার্থনায় বসতে যাবে ? তাকিয়ে দেখি আর একটা কাঠবেড়ালি তৎপর গতিতে তার বিশাল লেজটা তুলে একটা ছোট্ট ফল নিয়ে আসছে ওপারের রাস্তা থেকে। সোহাগে এপারের কাঠবেড়ালিটা ছুটে গেল, দুজনে মিলে ওটাকে একটা গাছের নীচে ঘাসের মধ্যে ফেলে টুকুস টুকুস করে কামড়াতে লাগলো। ওরা কি প্রেমিক প্রেমিকা ? তাই যদি হয় তাহলে কোনটা পুরুষ আর কোনটা নারী ? হয়তো যেটা ঈশ্বরের কাছে তার সৌভাগ্যের প্রার্থনা করছিল সেটা নারী আর যেটা ফল নিয়ে আসলো সেটা পুরুষ। বাঙ্গালী মন কিনা তাই নারী পুরুষের অনুমানটা এইভাবেই করে ফেললাম।

একটু পরে দেখি একজন আর একজনের কানে কানে যেন কি বললো। কি বললো ? কি বলতে পারে ? ও বুঝেছি, দুজনে মিলে আবার ওপারে যাবে, তাই লাফিয়ে লাফিয়ে চলেছে। না ! হায় ঈশ্বর ! দ্রুত গতিতে ঐ গাড়ীটা ছুটে আসছে কেন ওদের গতি রোধ করতে ? কঁ্যাচ ! শব্দটা কিসের ? কাঠবেড়ালি দুটো কোথায় ? অজগতসারে চেঁচিয়ে উঠলাম না-না করে। দেখি একটা কাঠবেড়ালি পার হয়েছে, আর একটা গাড়ীর চাকার নীচে পড়ে থেঁতলে গেছে।

চোখদুটো ফেটে গরম বাষ্প বেরিয়ে আসল। ভাবলাম প্রেমিক প্রেমিকা দুজনকে বাঁচিয়ে রেখে ওদের শান্তিতে থাকতে দেবার কথা ঐ দস্যুটা ভাবতে পারল না ! পৃথিবীর হয়ত এই নিয়ম, সুখ বেশীক্ষণ সহ্য হয় না। হতভাগ্য কাঠবেড়ালিটা সোহাগে ভরে ওপারে আর প্রেমিকের সাথে যেতে পারলো না।

বাঘছাল

বীথি চক্রবর্ত্তী
আটলান্টা

রবি খুব ক্লান্তভাবে সোফায় বসে পড়ল। জানুয়ারী মাস শীতকাল। তবু ঘেমে গেছে। আড়াইটে বাজে। অপালা রবির জন্যে না খেয়ে বসেছিল। রান্নার ছেলেটি ওদের দুজনের খাবার ঢাকা দিয়ে রেখে নিজে খেয়ে বিশ্রাম করতে চলে গেছে। ছেলে ঘুমোচ্ছে, মেয়ে স্কুলে। রবির জন্য অপেক্ষা করছিল অপালা। খিদে পেয়েছে খুব। রবি ঘরে ঢুকতে অপালা ফ্যানের রেগুলেটারটা একেবারে শেষ প্রান্তে ঠেলে দিয়ে সুইচ অন্ করে বসল। বলল, 'চলো আগে খেয়ে নেবে'।

রবি হাত ধুয়ে খেতে বসে বলল, 'খুব মুস্কিল হয়েছে জান'।

অপালা খাওয়া থামিয়ে রবির দিকে চাইল। রবি বলল,' বাঘছাল নিয়ে যাওয়া বেআইনী। অতটাকা দিয়ে কিনলাম। এখন ত ওরা ফেরৎ ও নেবেনা '।

রবি চাকরী ছেড়ে দিয়ে ইমিগ্রেশান ভিসা নিয়ে চলেছে আমেরিকায়। আপাততঃ গন্তব্য নিউইয়র্ক। অনেক গুলো 'যদি'র মুখোমুখি ওরা দাঁড়িয়ে। আগে ওখানে গিয়ে রবি চাকরী পাবে। তবে অপালা ও ছেলেমেয়েদের জন্য ভিসা পাবে। তারপর অপালা বাচ্চাদের নিয়ে যেতে পারবে। ভবিষ্যৎ এত অনিশ্চিত যে অপালার ভাবতেও ভয় করে। রবি আইনতঃ ডলার নিতে পারবে সামান্যই। অথচ খরচ আছে অনেক। তাই রবি নানাভাবে অন্য উপায়ে ডলার নেওয়ার চেষ্টা করছে। এক বন্ধু বাড়ীতে টাকা পাঠায়, তাকে ওর জন্য ডলার রাখতে বলে নিজে গিয়ে টাকা দিয়ে এসেছে। এর মধ্যে কানাডা থেকে এক বন্ধু এসে বুদ্ধি দিয়েছে যদি কোনরকমে একটা বাঘছাল নিয়ে যেতে পারে তবে আমেরিকানরা যে রকম পাগল তাতে অনায়াসে হাজার দুয়েক ডলার মিলে যাবে। রবি প্রায় তখুনি গাড়ী নিয়ে নিউমার্কেট থেকে প্রচুর দাম দিয়ে একটা বাঘছাল নিয়ে এসেছে। প্রথম থেকে অপালার এটা ভালো লাগেনি। এখন আর নিজেকে সামলাতে পারল না। বলেই ফেলল, 'বড়ো বেশী হুজুগে মাত তুমি। যে যা বলবে কিছু মাত্র না ভেবে তাই করবে'।

রবি চুপচাপ চিন্তিত মুখে খাওয়া শেষ করল। আর মাত্র দুদিন বাকী আজকের দিনটা নিয়ে। এখনও কত কাজ বাকী। একমাস ছুটি নিয়েছিল, তা সত্ত্বেও প্রতিদিন দৌড়তে হচ্ছে। একদিনও বিশ্রাম পায়নি। তারপর ভালোবাসার অত্যাচার আছে। প্রতিদিনই কোন আত্মীয় বা বন্ধুর বাড়ী নেমন্তন্ন। রবিরও ভালো লাগে। আবার কবে আসতে পারবে জানা নেই। মাঝে মাঝে ভয়ও করে। এমন নিশ্চিন্ত চাকরী ছেড়ে অনিশ্চিত ভবিষ্যতে ঝাঁপিয়ে পড়ছে, ঠিক করছে তো ? বিশেষতঃ রবি ত একা নয়, বৌ আছে , দুটো ছেলেমেয়ে আছে। অপালাকে বলতে পারে না, ও বেচারী আরো ভয় পাবে। বিকেলে অনেকে দেখা করতে এলো। চা খাবার দিতে দিতে অপালা লক্ষ্য করল রবি গল্প করছে হাসছে বটে, চিন্তাটা ওকে ছাড়েনি, ভারী অন্যমনস্ক।

খাওয়ার পরে রাতে আয়নার সামনে বসে চুল আচড়াচ্ছিল অপালা। বিছানায় আধশোয়া হয়ে রবি একটা পত্রিকার পাতা ওল্টাচ্ছিল। পত্রিকা বন্ধ করে চুপচাপ অপালার দিকে চেয়ে রইল। রবির

দিকে পেছন করে বসলেও আয়না দিয়ে অপালার মুখ পরিস্কার দেখা যাচ্ছে। চুপচাপ কিছুক্ষণ চেয়ে থেকে রবি বলল, 'অপু, বাঘছালটা তুমি নিয়ে এসো'। অপালা ভীষণ অবাক হয়ে ঘুরে বসে বলল, 'সে কি ? আমি কি করে নিয়ে যাব ? তোমায় ধরবে আর আমায় ধরবে না' ? রবি খুব অনুনয়ের সুরে বলল, ' অপু তুমি দেখতে ভাল, দুটো বাচ্চা নিয়ে যাবে, দয়া করে ছেড়ে দিতেও পারে'।

কেবলমাত্র এই অজুহাতে এতবড় ঝুঁকি নেওয়া অপালার পক্ষেও বিপজ্জনক। অপালা রেগে গিয়েও রাগতে পারল না, বোঝাতে গিয়েও বোঝাতে পারল না। থেমে গেল, বলল 'আচ্ছা'। দুদিনের একদিন কেটে গিয়ে রাত বারোটা বেজেছে। পরশু সন্ধ্যে সাতটায় রবির প্লেন। মাঝে আর একদিন। এখন হয়ত রবি ঘুমুতে পারবে নিশ্চিন্ত হয়ে।

রবি চলে গেল যথাসময়ে। দূর বিদেশে মনোবল, দুটো সুটকেস , একটা ব্রীফকেস, আর শ'পাঁচেক ডলার সম্বল। কতদিনে অপালা ছেলেমেয়ের হাত ধরে যেতে পারবে জানেনা। সমস্ত সংসারের জিনিষ ফেলে ছড়িয়ে দান করে বিক্রী করে একমাস পরে দাদার কাছে এল অপালা। এখানে মাও আছেন। সমস্ত সংসারটা দুটা সুটকেসে ঠাঁই নিল। আর কিছু জিনিষ কাঠের একটা বড় বাক্সে ভরে দাদার বাড়ী রাখল। পরে নিয়ে যাবে । এ রকমই কথা হল। যতদিন অপালা যেতে না পারবে ততদিন দাদার কাছেই থাকবে। এতদিন খুব বেশী রকম ব্যস্ত ছিল। সম্পূর্ণ অবস্থাটা বুঝতে পারেনি। এখানে অপালাকে কিছুই করতে হয় না। কিন্তু অপালা এই অবসর, এই বাপের বাড়ীর আদর যত্নে থাকা উপভোগ করতে পারেনা। মনে ভয় ভাবনা জমাট বাঁধে। রাতে দুশ্চিন্তায় ঘুম আসেনা। মাঝরাতে উঠে বসে ছেলেমেয়ের গায়ে হাত বোলায়। কখনো জানলায় মাথা রেখে তাকিয়ে থাকে তারা ভরা আকাশের দিকে। সুদূর নিউইয়র্কে এখন সকাল। একা একা রবি কি করছে কে জানে ? কত না জানি কষ্ট হচ্ছে। ভাবে কি হবে যদি রবি চাকরী না পায় ?

মাসখানেক বাদে খবর এলো রবি যোগ্যতা অনুযায়ী খুব ভালো চাকরী পেয়েছে। সবাই যেন নিঃশ্বাস ফেলে বাঁচল। আনন্দে দাদা একদিন সব আত্মীয় পরিজনদের নিমন্ত্রণ করে খাইয়ে দিলেন। কয়েকমাস কেটে যাবার পর অপালারও যাবার ব্যবস্থা হলো। রবি জানাল নিউইয়র্ক থেকে ওদের ভিসা পাওয়ার কাগজপত্র কলকাতার আমেরিকান দূতাবাসে পাঠানো হয়েছে। অপালাও ছেলেমেয়েদের মা বৌদির কাছে রেখে সারাদিনই ছোটে। আজ এ অফিস কাল সে অফিস, আমেরিকান দূতাবাসেই যেতে হল দুদিন। দৌড়োদৌড়ির আর শেষ নেই। দাদা অপালাকে একেবারে যথের ধনের মত আগলান। অধিকাংশ সময়ে কাজ সামলে, কখনো ছুটি নিয়ে অপালার সঙ্গে থাকেন। নিতান্তই অপারগ্ হলে গাড়ী দিয়ে চাপরাশি দিয়ে পাঠান। এতরকম ঝামেলা দাদা সঙ্গে না থাকলে অপালার পক্ষে সামলানো সম্ভব হত না। এর ওপর আছে কেনাকাটা। নিউমার্কেট আর গড়িয়াহাটে প্রায় রোজই বৌদিকে সাথে নিয়ে যায় অপালা। যাওয়ার সময় এগিয়ে এলো। গোছানো শুরু হলো। এবারও বাঘছাল এলো চোখ পাকিয়ে। পশ্চিমবঙ্গ সরকারের উচ্চপদস্থ কর্মচারী আই এ এস অফিসার দাদার ভুরু কুঁচকে গেল, বললেন, 'এটা তোর জন্যে রবি রেখে গেল ? জানে না এসব ভারত সরকার একেবারে ban করে দিয়েছে' ?

রাশভারী দাদার মুখের ওপর কথা বলতে অপালা এখনও সাহস পায় না। মাথা নীচু করে পায়ের বুড়ো আঙ্গুল দিয়ে মেঝেতে আঁচড় কাটতে কাটতে বলল, ' কেনার আগে জানতো না '। দাদা খুব বিরক্ত হয়ে বললেন 'ছেলেমেয়ে নিয়ে একা যাচ্ছিস, এটা নিস না'। অনুপস্থিত স্বামীর মিনতিভরা

মুখ মনে পড়ে। সাহস করে বলেই ফেলে অপালা, '৩ নিতে বলে গেছে'। অপালার মুখের দিকে তাকিয়ে চুপ করে যান দাদা।

সুটকেসে বাঘছাল ঢোকানো হলো। কিন্তু অনেক কষ্ট করেও রয়েল বেঙ্গল টাইগারের মাথা নত করা গেল না। তাকে কিছুতেই লুকোনো গেল না। তিরিশ ইঞ্চি সুটকেসের ডালা বন্ধ করার পরও ঐ জায়গা উঁচু হয়ে রইল। কোন রকমে একটা সাউথ ইন্ডিয়ান শাড়ী দিয়ে ঢাকা দিয়ে সুটকেস চাবী বন্ধ হলো। সকলের মনেই বাঘছাল কাঁটার মত বিঁধে রইল। একা যাচ্ছে মেয়েটা, যদি ধরে ?

নির্দিষ্ট দিনে সকলকে কাঁদিয়ে নিজেও অনেক কেঁদে প্লেনে উঠল অপালা। এয়ার ইন্ডিয়ার এই প্লেনটার নাম সম্রাট অশোক, যিনি দেশে দেশে দূত পাঠিয়ে অহিংসার মন্ত্র প্রচার করেছিলেন। প্লেনের ভিতরটায় সুন্দর ভারতীয় প্রাচীন চিত্র আঁকা। ভারি ভালো সেতার বাজছে। অপালার সেদিকে মন নেই। বুকটা যেন ভেঙ্গে গুড়িয়ে যাচ্ছে। মনে হচ্ছে সত্যিই কি এতটার দরকার ছিল ? দেশ ছেড়ে সবাইকে ছেড়ে চলে যাওয়া, এমন করে দুঃখ দিয়ে দুঃখ পেয়ে চলে যাওয়া। বিশেষ করে মায়ের অশ্রুকোমল মুখ কিছুতেই ভুলতে পারছে না। বহু দূরের অজানা দেশ সত্যিই কি এত বড় ক্ষতি পূরণ করে দিতে পারবে ? ছেলেমেয়ে দুটো ঘুমিয়ে পড়েছে। ওদের গালে এখনও চোখের জল। প্লেন চলেছে। বাইরে নিকষ কালো অন্ধকার। অপালা চুপ করে চেয়ে রইল বাইরে। মনে হলো যেন ওরা অন্ধকারেরই যাত্রী।

নিউইয়র্কের কেনেডী এয়ারপোর্টে যথাসময়ে নিরাপদে পৌঁছে গেল ওরা। প্লেন থেকে নামার সঙ্গে সঙ্গে মনে পড়ল বাঘছাল। লাইনে দাঁড়িয়ে ইমিগ্রেশান অফিসে গিয়ে দরকারী কাগজ পত্র দিয়ে সবুজ ছাড়পত্র পেল বিনা ঝামেলায়। অন্য যাত্রীদের অনুসরন করে অতিকষ্টে ঠেলা গাড়ীতে মালপত্র তুলল। কাস্টমসের লাইনে দাঁড়িয়ে মনে পড়ল এখানে দাদা সাথে নেই। অপালার বুকের মধ্যে যেন হাতুড়ি পিটছে। হৃৎপিন্ড যেন গলার কাছে এসে লাফাচ্ছে। কাস্টমস্ অফিসারের কাছে আসতেই রবিকে দেখা গেল। অনেক দূরে দোতলায় মোটা কাঁচের আড়ালে দাঁড়িয়ে আছে। কাঁচে হাত দিয়ে ওদের দেখতে পেয়ে জোরে জোরে ধাক্কা মারছে ওদের দৃষ্টি আকর্ষন করতে। কাস্টমস্ অফিসার অপালার দেওয়া কাগজগুলো দেখতে দেখতে জিজ্ঞেস করল, 'তোমার declare করার মত কিছু আছে' ? কি যে ভয়ানক মুখ করে থাকে এরা দেখলেই ভয় করে। অপালা মাথা নাড়ল। অফিসার বলল 'একটা সুটকেস খোল'। অপালা হাত বাড়িয়ে সুটকেস নামাতে যাচ্ছে অফিসার আঙ্গুল দেখিয়ে বলল, 'না ঐটে খোলো'।

অপালা পাথর হয়ে গেল। অফিসার হাত বাড়িয়ে সুটকেসটা নামাতে সাহায্য করল। অবশ হাতে চাবি লাগালো অপালা। ডালা খুলে সাউথ ইন্ডিয়ান শাড়ীর আবরন সরাতেই গর্জন করে বেরিয়ে পড়ল রয়াল বেঙ্গল টাইগার। হলদে সবুজ চোখে অপলক চেয়ে রইল অফিসারের দিকে। তার চেয়েও জোরে বজ্রপাত হলো, 'what is this ?'

ছেলে বাবাকে দেখতে পেয়েছে। ছুটে গিয়ে নীচ থেকেই মহা আনন্দে সফরী সুট দেখাচ্ছে। মেয়েটি বড়। মায়ের মুখ দেখে ভয় পেয়ে মাকে জড়িয়ে ধরল। অপালা চেষ্টা করেও কোন কথা বলতে পারছে না। ঘন কালো মেঘের বুক চিরে হাসির বিদ্যুৎ চমকালো। সাউথ ইন্ডিয়ান শাড়ীর তলায় ঢাকা পড়ল রয়াল বেঙ্গল টাইগার। সুটকেসের ঢাকা বন্ধ হলো। হাসল অফিসার, বলল, 'আচ্ছা যাও'।

চিন্তা-ভাবনা: বর্ত্তমান-ভবিষ্যৎ

হিল্লোল রায়

'ভবিষ্যৎ' এর ভাবনা নিয়েই মত্ত মোরা সবাই,
তাই তো দেখি 'বর্ত্তমান'এর চিন্তাগুলোর জবাই!
যাচ্ছি কাজে, ফিরছি ঘরে এক্কাগাড়ীর মতো,
ভাবনা চাকা চলছে ঘুরে নিজেই অবিরত!
চোখটা বুঁজি ক্লান্ত হলেই শান্তি ফিরে পেতে,
হৃদপিন্ডও হাঁপিয়ে চলে বসতে শুতে খেতে!
শিরা-ধমনীর নেই যে বিরাম উইক এন্ড-টা গেলে,
স্নায়ুর সূত্রে মগজ যেন খেলছে অবহেলে!

রবির কিরণ ধরার বুকে পড়লে 'বডি ক্লক',
তড়াক করে লাফিয়ে উঠেই ভাবনা করে 'ফ্লক'!
নেচে ওঠে চিন্তারা সব মগজটাকে ঘিরে,
নতুন করে ভাবনা জাগে পুরানোদের শিরে!
কাল হতে কাল কালান্তরে এই ধরনের রীতি—
আসছে চলে মুহর্মুহ, নেই যেন তার যতি!

'বর্ত্তমান' এর চিন্তাগুলো থাকলে মুঠোয় ধরা—
ভাবনারা শোয় জোয়ার-ভাঁটায়, নেই যে তাদের জরা!
তবু স্বর্গসুখের পরশ লোভে 'ভবিষ্যৎ'-ই খুঁজি,
পাথেয় শুধু ক্লান্ত হৃদয় ও 'কোলেস্টেরল' পুঁজি!
খাতা খুলে চিত্রগুপ্ত উল্টে চলেন পাতা,
আর তুলে ধরেন হাস্য মুখ ও বন্ধ করেন ছাতা!
রোল কল তাঁর চলছে সদাই হিসাব-নিকাশ তরে,
কেউ জানে না কখন যে তাঁর পরশ পাবে ডরে!
বুঝেও মোরা থাকছি অবুঝ 'ভবিষ্যৎ'-কে নিয়ে,
'বর্ত্তমান'এর ভাবনা সাথে মিছেই দি' তার বিয়ে!
চাওয়া পাওয়া-র এই সহাবস্থান তুলছে আজও দোলা,
বিশ্ব জুড়ে দেখছি সবাই হচ্ছে যে জল ঘোলা!
প্রতিশ্রুতি অনেক শুনি স্বর্গসুখের আশে,
'বর্ত্তমান' এর চিন্তা হারায় 'ভবিষ্যৎ'এর পাশে!

ভাবনাস্নাত মনটা এখন 'ট্যান্টালাস' এর কাপ,
পিপাসারা সব মিটছে না তাই বাড়ছে হৃদে চাপ!
ফুসফুস-টার ফোঁকরগুলো চিন্তা ঝড়ের তলে—
ধুঁকছে বসে আপন মনে, পড়ছে ধরা গলে!
খুড়ি-খুড়ির অজুহাতে দেখাই দেঁতো হাসি,
'বর্ত্তমান'এর ভাবনারা তাই হচ্ছে শুধু বাসি!
বাড়ছে বয়স লতায় পাতায়, ভবিষ্যৎ এর দিকে—
তাকিয়ে থাকি শান্তি পেতে, মেজাজ লাগে ফিকে!
টানা-পোড়েনের খপ্পরে তাই ভাবনাগুলো আজ,
ডাকছে তুলে আধমরাদের ভাঙিয়ে দিতে লাজ!

ঝিমিয়ে পড়া চিন্তারা সব ঢুলছে বসে পাটে,
সেই সুযোগে ভাবনা-রা তাই আপন মনে হাঁটে!
চলার পথে হোঁচট খেয়ে থমকে দাঁড়ায় তারা,
নিজের কপাল নিজেই ঠুঁকে হয় যে বদ্ধ কারা!
তবে জ্ঞান-গরিমা আসলে ফিরে কোনটা ভালো বুঝি—
তবুও করি চিন্তা অনেক, রুটির তরে যুঝি!
তাই ঠিক করেছি 'ভবিষ্যৎ'এর ভাবনা যাবো পুষি,
শুধু 'বর্ত্তমান'-ই ভরসা এখন রাখবে মোরে খুশি!!!

মাইলস্টোন
জুলাই ৩১, ১৯৯৬

প্রবাস ও পেশা

হিল্লোল রায়

রাস্তা চেনা থাকলে নাকি পথ চলা হয় সোজা,
নইলে পরে ভুল রাস্তায় চলবে অনেক খোঁজা!
জন্ম থেকে মৃত্যুর আগে হাঁটতে শত পথ,
বাহন থাকে হরেক রকম গাড়ী-ঘোড়া ও রথ!
রূপোর চামচ মুখে নিয়ে জন্ম হ'লে পরে,
থাকবে ধরা পায়ের তলায় কিংবা আপন করে!

লেখাপড়াটা শিখলে নাকি চড়বো গাড়ী-ঘোড়া,
মানি ব্যাগটা ও থাকবে সদা ডলার দিয়ে মোড়া!
এই ধারণা সঙ্গে নিয়ে আমেরিকাতেই আসি–
হালে পানি পাই না এখন, স্বপ্নরা সব বাসি!
হয়ে গিয়েছি কলুর বলদ, হপ্তা ভরেই খাটি–
যাচ্ছি অফিস, হাট-বাজারে ও চষছি বাগান মাটি!
গাড়ী-ঘোড়া চড়লে পরেও চালাই তাদের নিজে–
MAPSCO হাতে গাড়ী চালাতেই মগজ যে যায় ভিজে!
কোনটা এখন 'সঠিক পেশা' নেই সেটা মোর জানা–
জুতো সেলাই, না চন্ডীপাঠ, কিংবা কলম টানা?
বড় সাহেব ও ছোট সাহেব এর নেই যে প্রভেদ কাজে,
কফি তারা আনলে নিজেও মরে না কভু লাজে!
মিটিং চলে হাজার রকম 'স্ট্র্যাটেজি' ও 'গোল্' নিয়ে,
'অটোমেশান্' এর দৌলতে কাজ চলে মেশিন দিয়ে!
'ম্যান্ পাওয়ার'-টা কমাতে গিয়ে মুনাফা লোটার তরে,
ফন্দি ফিকির গাজিয়ে চলে বড় সাহেবের ঘরে!
'স্ট্রীমলাইনিং' ধ্বজা ধরে 'এম্প্লয়ি' হয় হ্রাস,
লেখাপড়াটা শিখে ও মনে থাকছে শুধু ত্রাস!

প্রতি হপ্তায় বেকার ভাতা, যৎসামান্য সেটা–
জীবন ধারা ও পাল্টাতে হয় হোন্ না যে কেউকেটা!
'স্থায়ী' নামক জিনিষ কিছু এদেশেতে নেই,
যাযাবর এর জীবনযাপন সত্য খোলোশেই!
বোঁচকা-বিড়ে চলে সবই 'U-Haul' এরই পেটে,
স্ট্রেস এর প্রকোপ বাড়ার ফলে নিজেই মরি খেটে!
মান-সম্মান সংজ্ঞা হেথায় নেই যে অভিধানে,
'লোন্' এর টাকায় বসত বাড়ি– সবাই সেটা জানে!
দামী গাড়ী কিনে যারা স্ট্যাটাস-টাকে হাঁকান,
কুঁচকে ভুরু তারা শুধু লোন্ অফিসেই তাকান!
বাইরে থেকে বিশাল বাড়ি দেখতে লাগে ভালো,
আসবাবহীন ঘর-গুলোতে পর্দা ঢাকে আলো!
'স্যুইমিং পুল' দেখিয়ে যাদের ঠাঁট সমাজে বাড়ে,
HUD অফিসের 'সেল্' সাইন-ই দৃষ্টি তাদের কাড়ে!

চাকরী বাজার মন্দা হলেই পাল্টিয়ে যায় পেশা,
'রেজুমে'-তে আঁচড় কাটা ও হেথায় বড় নেশা!
শিক্ষাগত ডিগ্রী সাথে চাকরীতে নেই মিল,
সত্যি কথায় 'বনধ্' হয়ে যায় চাকরী দুয়ার খিল!
মাস মাইনেও বিরাট তফাৎ, ডিগ্রী যতোই থাক–
আমেরিকা-তে এসেই শিখি রাখতে কথায় ফাঁক!
খেলাধুলায় মগ্ন-রা সব থাকেন রাজার হালে,
আর ভগ্ন হৃদয় PhD-রা হাতটা রাখেন গালে!

চার্চে গিয়ে দু-মিনিটেই হয় যে হেথায় বিয়ে,
ডিভোর্স-টা হয় এক মিনিটে E-mail message দিয়ে!
'স্প্রিং ক্লিনিং' সদাই চলে বদলাতে সব কিছু,
ডিভোর্স থেকেই শুরু হয়ে যায় উকিল ছোটা পিছু!
ইনসিওরেন্স গ্যাঁড়াকলেই বাড়ী-গাড়ি সব বাঁধা,
'ব্রেন ওয়াশিং' পদ্ধতিটা ও Agent মনে রাঁধা!
হাজার রকম 'ডিডাক্শান্'-এ আয়কর-টা গড়া,
ধনী লোকদের পোয়া বারো আর গরীব হাতে কড়া!

ছোটোখাটো কাজ করলে পরেও পদবী-টা হয় বড়ো,
'ম্যানেজার' আর 'ডিরেক্টর'-ই মিটিং করেন জড়ো!
যে কেউ কাজে করলে 'ম্যানেজ' ম্যানেজার হন তিনি,
'ডিরেক্ট' করেন ডিরেক্টর-ই, ডিগ্রী বিহীন যিনি!
'লোন'-এ গড়া কোম্পানীতে বিজনেস কার্ড ছেপে—
প্রেসিডেন্ট হন নিজেই তিনি, থাকেন ফুলে ও ফেঁপে!
রোগী সেবার ছদ্মনামে বাদ্য রাখেন 'বিপার',
সমাজের ঠাঁট রাখতে সে যে মুখ্য আসল 'কিপার'!
বেশভূষা আর গাড়ীর বহর বোঝায় না তো পেশা,
ইতর-ভদ্র টাই পরে আর গাড়ীতে কর নেশা!

বহু যুগ ধরে আসছি যে দেখে প্রবাসের ভাবধারা,
ধ্যান ধারনার বদল হওয়াতে আমি আজ পথ হারা!
তাই প্রবাসের বুকে কাটে মোর কাল নকল পেশার আড়ালে,
'ময়ূর পুচ্ছ কাক' হয়ে রই, পালাবো কখনো আড়ালে!
ডলারের ঝোলা থাকলেও কাঁধে- স্বস্তি আসে না মনে,
স্বদেশের স্মৃতি এসে যায় শুধু দুঃখের ক্ষনে ক্ষনে!
মর্টগেজহীন জীর্ন কুটিরেও শান্তিটা ছিলো দেশে,
স্বপ্নের মাঝে পিছুটানে মোর হৃদয় ওঠে যে হেসে!

সহসা হঠাৎ মনে এলে মোর প্রবাসী হওয়ার গল্প,
স্মৃতির পাতায় জেগে রয় তারা কম-বেশী আর অল্প!
টাকার থলিকে ডলারে মোড়ার স্বপ্ন হ'লেও পূর্ন,
মান-সম্মান কোথা গেলো আজ? হয়েছে তাও যে চূর্ন!
পথে ঘাটে কেউ চেনে না আমায়, I.D. নিয়েই চলি—
প্যান্টটা যে নামে 'কার্ড'-এর ভারে, কাকে বা সেকথা বলি!
দেশে ছিনু যবে চিনতো সবাই, জানতো আমার পেশা—
দুঃখ অভাব থাকলে পরেও ছিল অনাবিল মেশা!

এখন হরেক প্রশ্ন আসে যায় হৃদে জানতে নিজের স্বভাব—
মিটলেও ক্ষুধা জ্ঞানের ও টাকার, রয়ে গেছে মোর অভাব!
আসল প্রকৃতি, স্বদেশী পেশার পাই না হৃদয়ে স্বাদ—
'রোবট' হয়েছে ধড়-টা এখন, ধরতে চেয়েছে চাঁদ!

জানি না কখন্ ধরা দেবে চাঁদ, নাকি রবেই শুধু সে স্বপনে—
হাতছানি তার দুলাবে চামর গ্রীষ্ম-শীতের তপনে?
এ হেন জটিল প্রশ্ন মগজে সৃষ্টি করেছে নেশা,
জবাব কি তার লুকিয়েছে মোর প্রবাস ও নকল পেশা??

মাইলস্টোন
আগষ্ট ১০, ১৯৯৬

পরিবর্তন

পূজোর ছুটিতে বাড়ী এসেছি কাল কলেজের হষ্টেল থেকে। ঘুম থেকে একটু দেরী করেই উঠলাম। এতদিনের পড়াশুনোর চাপের পর কিছুদিন ছুটির আলস্যের আমেজটা যত খানি ধরে রাখা যায়। দিদি ডেকে বললো উঠবিনা আজ? চা জলখাবার যে ঠান্ডা হয়ে গেল। কোনো রকমে উঠে মুখ হাত ধুয়ে জলখাবার খেয়ে চায়ের কাপটা হাতে করে বসার ঘরের জানলায় বসলাম খবরের কাগজটা নিয়ে। পড়তে পড়তে হঠাৎ কানে এল চেনা চেনা গলায়, বক্কুদা বাড়ি আছো? পাশের ঘরের জানলায় বসা বাবার গলা শুনলাম, কে বিনয় নাকি? চমকে তাকিয়ে ভাল করে দেখলাম ভদ্রলোক কে। পরনের ধুতি পাঞ্জাবিটা বুঝি বহুকাল কাচা হয়নি। হাতার কাছটায় খানিকটা ছেঁড়া। খাপচা করে কাটা মাথার চুলে জট পড়েছে স্নানের অভাবে। মুখ ভর্তি অপরিস্কার দাড়ী গোঁফের মধ্যে বেশীর ভাগই পাকা। এই আমাদের পুরোন স্কুলের ডাকসাইটে মাষ্টার বিনয় মুখুজ্জে, যার গলার আওয়াজে আমাদের বুকে হৃদকম্প হতো অঙ্কের ক্লাসে?

আমাদের স্কুলে এই বিনয় বাবুই বোধহয় ছিলেন সবথেকে রাশভারী। ছেলেরা ভয় পেলেও মাষ্টার হিসেবে বিরাট সুনাম ছিল তাঁর। তার ওপরে তিনি ছেলেদের শেখাতেন আবৃত্তি আর ডিবেট। দেখেছি দাদারা কলেজ পাশ করার পরও দেখা করতে আসতো স্কুলে বিনয় বাবুর সঙ্গে। রাশভারী হলেও খুব সৌখিন ছিলেন বিনয় বাবু। পরতেন সব সময় গিলে করা আদ্দির পাঞ্জাবি আর মিহি ধুতি। ফর্সা রঙ্কের সঙ্গে মিলিয়ে তাঁর চেহারা থেকে যেন একটা জেল্লা বেরোত। দেখার মত চেহারা ছিল বটে।

গঙ্গার ধারে আমাদের স্কুলের গায়ে লাগা একফালি খেলার জায়গা ছিল জলের ধারে। ওখানেই আমরা স্কুলের পরে বিকেলে খেলতে যেতাম প্রতিদিন। মাষ্টার মশাইরা অনেকেই তখনো থাকতেন সময় কাটানর জন্যে। বিকেলে গঙ্গার ঝির ঝিরে ভিজে হাওয়াতে গরমকালের বিকেলটা বেশ উপভোগ্য বলেই মনে হতো। তার ওপরে গঙ্গার বাঁকের ওপর দিয়ে ভেসে যাওয়া পালতোলা নৌকো দেখার তৃপ্তিটা ছিল উপরি। এই খানেই বসে একদিন মাষ্টার মশাইদের কথাবার্তার মধ্যে দিয়ে বিনয় বাবুর জীবনের আরো একটা অংশের কিছু কথা শুনে ছিলাম, যা আজও আমার মনে দাগ কেটে আছে।

বিনয় বাবু থাকতেন আমাদের পাশের পাড়ায় সস্ত্রীক। লোকের সঙ্গে মেলা মেশা একটু কমই ছিল তাঁর। ছেলে মেয়ে না থাকায় আমাদের সঙ্গে সম্পর্কটাও ছিল আরো কম স্কুলের বাইরে। সেদিনও রোজকারের মত দুএকজন সঙ্গী নিয়ে স্কুলের মাঠে গেছি বিকেলে। বসে ছিলাম নদীর পাড়ে ঘাসের ওপর। অনতিদূরেই বসে ছিলেন কয়েকজন মাষ্টার মশাই বিনয় বাবু সহ। নিজেদের গল্প ছেড়ে হঠাৎ মন আকৃষ্ট হল বিনয় বাবুর গলায়। শুনলাম উনি বলছেন– এখানে আসার আগে আমি খড়গপুরের কাছে পিয়ালী স্কুলে পড়াতাম। ভারি সুন্দর জায়গায় আনন্দেই ছিলাম। একদিন স্কুল শেষে বাড়ী ফিরছি– হঠাৎ শুনি পাড়ার কাছে রাস্তায় সোরগোল। কাছে এসে দেখলাম পুকুর পাড়ে জড়ো হয়ে কিছু লোক হৈচৈ করছে। কয়েকজন আবার জলে নেমে হাঁতড়াচ্ছে। জিজ্ঞেস করে জানা গেল কার নাকি বাচ্চা ছেলে জলের ধারে খেলা করতে করতে জলে ডুবে গেছে। শুনতে শুনতে হঠাৎ জলের দিক থেকে সোরগোল বেড়ে উঠল পাওয়া গেছে পাওয়া গেছে বলে। তাকিয়ে দেখলাম জলে ভেজা একজন একটা বাচ্চা ছেলের স্থির দেহটা এনে পাড়ের কাছে শুইয়ে দিল। কাছে গিয়ে দেখতে গিয়ে বুকটা আমার হঠাৎ পাথর হয়ে গেল। এত আমারই পাঁচ বছরের আদরের ছেলে রবি। প্রথম বিহ্বলতাটা কেটে যাওয়ার পর তাড়াতাড়ি কাছে গিয়ে ওর ঠান্ডা ছোট্ট বুকের ওপর হাত চেপে ওর নিশ্বাসটা ফিরিয়ে আনার চেষ্টা করতে লাগলাম। পাশের থেকে কে একজন বলে গেল ডাক্তারকে খবর দেওয়া হয়েছে, উনি আসছেন। কিন্তু আমিতো অন্তরে বুঝছি এ নিস্ফল চেষ্টা। ওর ছোট্ট চোখটা খুলে ও আর কোনোদিনই আমাকে ডাকবে না। জীবনের কোনো লক্ষনই আমি খুঁজে পাচ্ছিনা ওর শরীরে। হঠাৎ লোকজনের গুঞ্জন আবার বেড়ে উঠল। শুনলাম কে একজন বলছে– দুজন খেলা করছিলো। আরেকটাকে পাওয়া গেছে। বলতে বলতে আরেকটি আরো ছোট বাচ্চার জলে ভেজা দেহটা একজন এনে রবির পাশেই শুইয়ে দিল। অবশ ভাবে রবির মুখ থেকে চোখ তুলে দেখলাম ওর মুখের দিকে– আমার কোন পড়শীর আজ এমন দুর্ভাগ্য হলো আমার মতো। চোখটা মুছে তাকিয়ে দেখে বিশ্বাস হলোনা নিজেকে। পায়ের নিচে মাটির দোলাটা কমলে ভাল করে তাকিয়ে দেখলাম না ভুল নয়।

দ্বীতিয় ছেলেটি আমারই ছোট ছেলে সমু। একটা দিনের কয়েকটা মুহূর্তে আমি সংসারে সন্তানহীন হয়ে গেলাম। বলতে বলতে বিনয় বাবুর গলাটা খুব আস্তে হয়ে প্রায় মিলিয়ে গেল। অন্য মাষ্টার মশাইরাও নির্ব্বাক। দুয়েকজনের চোখ চকচক করছিল। গলাটা পরিষ্কার করে বিনয় বাবু শান্ত ভাবেই বললেন- আরো শক্ত কাজটা ছিল বাড়ী গিয়ে স্ত্রীকে বলা। তারপর আর ওখানে থাকতে পারিনি। চাকরি ছেড়ে এখানে এসে তার পর থেকে এখানেই। অন্যদের নির্ব্বাক সহানুভূতি অনুভব করে হঠাৎ জোর গলায় বলে উঠলেন- মানুষের জীবনেতো অনেক কিছুই হয়- আমারও হয়েছে। সবকিছুতো আমাদের নিজের ইচ্ছেয় নয়। ভেবে কোনো লাভ নেই। এসব কথা হঠাৎ কেন মনে এল আর আপনাদের কাছে গল্পই বা করলাম কেন জানিনা। শুনে লোকের নিরর্থক সহানুভূতি আমার সহ্য হয়না। যাই আমি আজ- কটা ছেলেকে আবৃত্তি শেখানর আছে। জেলা প্রতিযোগিতাটাও তো এসে গেল। বলে উঠে পড়লেন বিনয় বাবু- শক্ত সঠিক পায়ে হেঁটে চলে গেলেন। মাষ্টার মশাইরা মৃদু গলায় বলাবলি করতে লাগলেন বিনয় বাবুর মনের জোর আর অদ্ভুত আত্মগর্ব্বের কথা। আমরাও আস্তে আস্তে বাড়ীর দিকে ফিরলাম। কিন্তু বিনয় বাবুর কথাটা তার পরেও বহুদিন আমার মনে পড়তো- বিশেষ করে তাঁর অসামান্য আত্মসম্মানের কথা।

